

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।


স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৮.১৮ - ৫০৭

তারিখ- ২৬/০৯/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সহিদুল ইসলাম, অফিস সহায়ক। আপনি গত ০৭/০৬/২০১৮ খ্রিঃ তারিখে আপনার পূর্বের কর্মস্থল, ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউটের অধ্যক্ষ জনাব প্রকৌ. মীর মোঃ মোশাররফ হোসেন কে ঢাকা হতে সরকারী কাজ শেষে আনুমানিক বিকাল ৩.০০ ঘটিকার সময় নিজ কর্মস্থলে গাড়ী নিয়ে প্রবেশ করতে চাইলে তাকে বাধা দেন। যেহেতু আপনি অধ্যক্ষের সাথে অসদাচরণ করেন এবং শারীরিকভাবে লাঞ্ছিত করে পুনরায় ঢাকা ফেরত যাওয়ার জন্য জোড় করে গাড়ীতে তুলে দেন। যা “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩।(খ) ধারা এর পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ।

২। যেহেতু, আপনার উক্ত আচরণ “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩।(খ) ধারা মতে “অসদাচরণ” এর সামিল। তাই কেন আপনার বিরুদ্ধে উপরোক্ত বিধিমালা অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হল। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানি চান কিনা তাও নিম্নস্বাক্ষরকারী বরাবর জানানোর জন্য নির্দেশ দেয়া গেল।


অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রাপকঃ জনাব সহিদুল ইসলাম
অফিস সহায়ক
ফেনী পলিটেকনিক ইন্সটিটিউট
ফেনী।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৩৮.১৮ - ৫০৭ (৪)

তারিখ- ২৬/০৯/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলঃ-

- ১। অধ্যক্ষ, ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউট, ফরিদপুর।
- ২। অধ্যক্ষ, ফেনী পলিটেকনিক ইন্সটিটিউট, ফেনী।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)
- ৪। সংশ্লিষ্ট নথি।